

# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 15 July, 2025

ভারতের অন্যতম দীর্ঘমেয়াদী ও জনপ্রিয় টিভি ক্রাইম সিরিজ 'সিআইডি' ফিরে এসেছে দ্বিতীয় মৌসুমে। ২১ বছর ধরে ভারতীয় দর্শকদের মন জয় করে আসা এই সিরিয়ালের অভিনেতারা প্রতি এপিসোডে কত পারিশ্রমিক পান, তা নিয়ে ভক্তদের কৌতূহল সবসময়ই তুঙ্গে। সম্প্রতি পিংকভিলা সিরিজটির মূল চরিত্রধারীদের পারিশ্রমিক সংক্রান্ত একটি তালিকা প্রকাশ করেছে।

তালিকা অনুযায়ী, এপিপি প্রড্যুমনের ভূমিকায় অভিনয় করা শিবাজী সাতাম প্রতি এপিসোডে পান প্রায় ১ লাখ রুপি। ইনস্পেক্টর দয়ার চরিত্রে দয়ানন্দ শেঠি এবং ইনস্পেক্টর অভিজিতের চরিত্রে আদিত্য শ্রীবাস্তব পান ৮০ হাজার থেকে ১ লাখ রুপি পর্যন্ত।

ইনস্পেক্টর ফ্রেডরিকস চরিত্রে দিনেশ ফড়নিস পান প্রায় ৭০ হাজার রুপি। ফরেনসিক এক্সপার্ট ড. সলুখের ভূমিকায় নরেন্দ্র গুপ্ত এবং ড. তারিকার চরিত্রে শ্রদ্ধা মুসালে প্রতি এপিসোডে পান ৪০ হাজার রুপি করে।

সাব-ইনস্পেক্টর পূরবী, পঙ্কজ, তাসা ও শ্রীয়াদের পারিশ্রমিক ৪০ হাজার থেকে ৫০ হাজার রুপির মধ্যে।

উল্লেখ্য, 'সিআইডি' সিরিয়ালের সম্প্রচার শুরু হয়েছিল ১৯৯৮ সালের ২১ জানুয়ারি। টানা ২০ বছর ধরে চলা প্রথম মৌসুমের শেষ পর্ব প্রচারিত হয় ২০১৮ সালের ২৭ অক্টোবর। প্রথম মৌসুমে মোট ১ হাজার ৫৪৭টি পর্ব সম্প্রচারিত হয়। দ্বিতীয় মৌসুম শুরু হয়েছে ২০২০ সালের ২১ ডিসেম্বর থেকে।

দয়া-অভিজিতরা-প্রড্যুমন সিআইডি ক্রাইম সিরিজ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:48

URL: <https://timestodaybd.com/public/entertainment/7758074781>